

প্রেস বিজ্ঞপ্তি**নোবিপ্রবির সঙ্গে বিডিৱেনের সমঝোতা স্মারক স্বাক্ষর ও কর্মশালা অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) এবং বাংলাদেশ রিসার্চ এন্ড এডুকেশন নেটওয়ার্কের (বিডিৱেন) মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর এবং নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষকদের নিয়ে ডিজিটাল সার্ভিসের ব্যবহার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (১২ ডিসেম্বর ২০২৩) নোবিপ্রবির আইকিউএসি সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

নোবিপ্রবি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আশিকুর রহমান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন এবং বিডিৱেনের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জনাব মোহাম্মদ তৌরিত। নোবিপ্রবি আইসিই বিভাগের টেকনিক্যাল অফিসার জনাব ফয়েজ উল্যার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নোবিপ্রবি আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদ।

নোবিপ্রবির পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর এবং বিডিৱেনের পক্ষে স্বাক্ষর করেন প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জনাব মোহাম্মদ তৌরিত। ডিসটেন্স লার্নিং থিয়েটার (ডিএলটি) এর বার্ষিক রক্ষণাবেক্ষণ ও ইন্টারনেটসহ অন্যান্য সেবাসমূহ (প্যাকেজ-সি) ব্যবহারের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা, গবেষণার কাজে উচ্চতর কম্পিউটিং, ক্লাউড কম্পিউটিং, বিশ্ববিদ্যালয়ের ডিজিটাল ইজেশনের জন্য বিভিন্ন সফটওয়্যার ব্যবহার, সাইবার সিকিউরিটি ইত্যাদি বিষয়ে সহযোগিতার লক্ষে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত স্মারকে নোবিপ্রবির জন্য “সি-প্যাকেজ” এর আওতায় “পাঁচশত (৫০০) এমবিপিএস” ইন্টারনেট সেবাসহ অন্যান্য রিসোর্স সমূহ প্রদানের বিষয়ে সমঝোতা হয়েছে।

অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘মূলত ডিসটেন্স লার্নিং এর ক্ষেত্রে বিডিৱেনের মাধ্যমেই বিভিন্ন প্রতিষ্ঠান কাজ করছে। শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে প্রযুক্তিগত দিক থেকে নোবিপ্রবিকে এগিয়ে নিতে এবং ভবিষ্যতে দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে এ ধরনের সমঝোতা সহায়তা করবে। নোবিপ্রবি এবং বিডিৱেনের মধ্যে স্বাক্ষরিত এ সমঝোতা স্মারক ভবিষ্যতে দুটি প্রতিষ্ঠানকে এগিয়ে যেতে আরও দৃঢ় ভূমিকা পালন করবে। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’ এসময় মাননীয় উপাচার্য সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং অনুষ্ঠানের সফলতা কামনা করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, ‘অনেকেই জানতেনা বিডিৱেন কি কি সুবিধা দিয়ে থাকে। আজকের এই কর্মশালার মাধ্যমে আপনারা বিডিৱেন যেসব সুবিধা দিচ্ছে তা বিস্তারিত জেনে বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে কাজে লাগাবেন এই প্রত্যাশা করছি। আমি আশা করবো আজকের এই চুক্তির বিষয়ে আরো কোন প্রশিক্ষণের প্রয়োজন হলে বিশ্ববিদ্যালয় তা প্রদান করবে। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

অনুষ্ঠানে বিশেষ অতিথি রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন বলেন, ‘আজকের এই সমঝোতা স্মারকের মাধ্যমে নোবিপ্রবির সাথে বিডিৱেনের সম্পর্ক বৃদ্ধি পাবে এই প্রত্যাশা করছি। অনুষ্ঠানে উপস্থিত সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

অনুষ্ঠানে বিশেষ অতিথি বিডিৱেনের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জনাব মোহাম্মদ তৌরিত তাঁর বক্তব্যে বলেন, ‘নোবিপ্রবির সাথে বিডিৱেনের সম্পর্ক নতুন নয়। আমরা ইতোপূর্বে চুক্তি ছাড়াও নোবিপ্রবির সাথে কাজ করেছি। তবু আজকের এই সমঝোতা স্মারক নোবিপ্রবির সাথে বিডিৱেনের সম্পর্কে নতুন মাত্রা যোগ করবে বলে আমি মনে করি। সকলকে ধন্যবাদ।’

অনুষ্ঠানের সভাপতি নোবিপ্রবি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আশিকুর রহমান খান বলেন, ‘বিডিৱেনের মাধ্যমে আমরা নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সেবা পাবো এই আশাবাদ ব্যক্ত করছি। ভবিষ্যতে নোবিপ্রবিতে শিক্ষার্থীদের জন্য ইন্টারনেট সুবিধা বাড়াতে আরো উদ্যোগ গ্রহণ করা হবে। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

অনুষ্ঠানে নোবিপ্রবির বিভিন্ন অনুষদের ডীন, ইনস্টিটিউটের পরিচালক, চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

R. K. K. K.

রাহমান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

